119

দৈনিক ইনকিলাব

তারিখ AUG 22 1999
পৃষ্ঠা ৯ কলাম ৩

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমীপে

আমি ১৯৯৭ সালে বিকম (পাস) পরীক্ষায় অংশগ্রহণ করি। উক্ত পরীক্ষার ফলাফল প্রকাশিত হলে ফলাফল সীটে আমার রোল নম্বর নেই অর্থাৎ অকৃতকার্য। কলেজে টেবুলেশন সীট যখন আসে তখন দেখি অন্যান্য বিষয়ে ২য় বিভাগের নম্বর পাই এবং ইংরেজীতে ২৭ নম্বর পেয়ে অকৃতকার্য হই। আমি ইংরেজী বিষয়ে প্রায় ৯৩ নম্বরের উত্তর লিখি। মনকে সান্ত্বনা না দিতে পেরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করে পুনঃ নিরীক্ষণ করার জন্য আবেদন করি। কিন্তু খুবই দুঃখের বিষয় হল আজ পর্যন্ত কোন খবর পাইনি। আমি কি উক্ত বিষয়ে পাস করেছি, নাকি অকৃতকার্য বহাল। আমার পিতা-মাতা বৃদ্ধ, বড় ভাই মানসিকভাবে অসুস্থ। আমাকে সংসার দেখাশুনা করতে হয়। অর্থের কারণে ১৯৯৮ সালে ফরম ফিলাপ করতে পারিনি এবং ১৯৯৯ সালেও ফরম ফিলাপ করা সম্ভব নয়। একটি দৈনিক পত্রিকার মাধ্যমে জানতে পারলাম, ১৯৯৮ সালে পরীক্ষা দিয়ে যারা ০১ বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা উক্ত বিষয় পরীক্ষা দিয়ে পাস করলে পূর্বের পরীক্ষার প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে কোন বিভাগ পেয়েছে তা প্রকাশ করবে।

মাননীয় পরীক্ষা নিয়ন্ত্রক ও শিক্ষামন্ত্রীর সমীপে বিনীত প্রার্থনা, ইংরেজী বিষয়টি পুনঃ নিরীক্ষণ করে ফলাফল প্রকাশ করুন, না হয় ১৯৯৯ সালে শুধু ইংরেজী বিষয়ে পুনঃ পরীক্ষা দেয়ার অনুমতি প্রদান করে মানসিক অশান্তি থেকে রক্ষা করুন।

—মোহাম্মদ নূর করিম,
বিকম (পাস), রোল নং-১৯৫৩০১, রেজিঃ নং-১৫৪২৫৭, শিক্ষাবর্ষ- ১৯৯৫-৯৬, কে, আর ডিগ্রী কলেজ, আমিশাপাড়া, নোয়াখালী।